

জাত পরিচিতি

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট পরীক্ষা নিরীক্ষা করে এটিকে হবিগঞ্জ ও সুনামগঞ্জ হাওড় এলাকার উপযোগী বলে চূড়ান্তভাবে নির্বাচন করে। এ জাতটি বিআর১৭ নামে অনুমোদন লাভ করে। এ ধরনের জনপ্রিয় নাম হাসি।

জাতের বৈশিষ্ট্য

- ▶ আগাম জাত।
- ▶ গাছের উচ্চতা ১২৫ সেন্টিমিটার।
- ▶ চাল মাঝারি মোটা ও ভাত বরবরে।
- ▶ ফুল ফোটার সময় শীষগুলো ডিগ পাতার উপরে থাকে।



বিআর১৭

এ জাতের বিশেষ প্রয়োজনীয়তা

হাওড়, বাওড় ও বিলাপ্তলের জন্য এ জাতটি বিশেষ উপযোগী। কারণ গাছ লম্বায় ১২৫ সেন্টিমিটার, তাই ধান পাকার সময় হঠাৎ বন্যায় মাঠে কোমর পানি হলেও ফসল কাটা যায়।

জীবনকাল

এ জাতটির জীবনকাল ১৫৫ দিন।

ফলন

ধানের গড় ফলন হেক্টরপ্রতি ৬.০ টন।

চাষাবাদ পদ্ধতি

১. বীজ তলায় বীজ বপন : ১৫-৩০ কার্তিক (৩০ অক্টোবর-১৪ নভেম্বর)

২. রোপনের সময় : ২০ পৌষ-২০ মাঘ (জানুয়ারি)।

৩. সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা):

ইউরিয়া টিএসপি এমপি জিপসাম দস্তা

৩০-৪০ ৭-১৪ ৮-১৬ ৪-১১ ০.৭-১.০

৩.১ ইউরিয়া সার তিন কিস্তিতে প্রয়োগ করতে হবে। প্রথম কিস্তি জমি তৈরির শেষ পর্যায়ে।

প্রথম উপরি প্রয়োগ : রোপনের ২৫-৩০ দিন পর।

দ্বিতীয় উপরি প্রয়োগ : রোপনের ৪৫-৫০ দিন পর।

ইউরিয়া সার প্রয়োগের পর মাটির সাথে মিশিয়ে দিতে হবে। তবে ইউরিয়া প্রয়োগে লিফ কালার চার্ট ব্যবহার করা উচিত।

৪. আগাছা দমন : রোপনের ৪৫ দিন পর্যন্ত জমি আগাছামুক্ত রাখতে হবে।

৫. সেচ ব্যবস্থাপনা : খোর অবস্থা থেকে দুধ অবস্থা পর্যন্ত জমিতে পর্যাপ্ত রস বা পানির ব্যবস্থা রাখতে হবে।

৬. রোগ বালাই দমন : রোগ ও পোকাকার জন্য অনুমোদিত বালাই ব্যবস্থাপনা অনুসরণ করা আবশ্যিক।

৭. ফসল পাকা ও কাটা : ২০ চৈত্র - ৫ বৈশাখ (৩-৮ এপ্রিল) ধান কাটার উপযুক্ত সময়।

আরো তথ্যের জন্য :

পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইলঃ dr@bri.gov.bd

অধিবেশন ২: মডিউল ২

ফ্যান্ট শীট ৫